# মিরপুর রামিসার বাসায় যাচ্ছেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

পল্লবীতে ধর্ষণ ও নৃশংস হত্যার শিকার সাত বছরের শিশু রামিসার বাসায় যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার (২১ মে) রাত ৯টার পর রাজধানীর মিরপুরের পল্লবীতে তাদের ভাড়া বাসায় তার পৌঁছানোর কথা রয়েছে।

প্রধানমন্ত্রীর প্রেস উইং জানিয়েছে, সচিবালয়ে মন্ত্রিপরিষদের বৈঠক শেষে রাতেই রামিসার পরিবারের সঙ্গে দেখা করবেন তিনি। প্রধানমন্ত্রীর সফরকে কেন্দ্র করে এলাকায় নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা হয়েছে।

গত ১৯ মে সকালে পল্লবীর একটি ফ্ল্যাট থেকে রামিসার মস্তকবিহীন মরদেহ উদ্ধার করে পুলিশ। পরে বাসার বাথরুম থেকে তার বিচ্ছিন্ন মাথা উদ্ধার করা হয়। এ ঘটনায় পল্লবী থানায় হত্যা মামলা দায়ের করা হয়েছে।

ঘটনার পর প্রথমে প্রধান অভিযুক্ত সোহেল রানার স্ত্রী স্বপ্না আক্তারকে আটক করে পুলিশ। পরে নারায়ণগঞ্জ থেকে সোহেল রানাকে গ্রেপ্তার করা হয়। আদালতে নেওয়া হলে তিনি শিশু রামিসাকে ধর্ষণের পর হত্যার দায় স্বীকার করে জবানবন্দি দেন। পরে আদালত তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

নৃশংস এ হত্যাকাণ্ডে দেশজুড়ে ক্ষোভ ছড়িয়ে পড়েছে। বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠন জড়িতদের দ্রুত বিচার ও সর্বোচ্চ শাস্তির দাবি জানিয়েছে। বৃহস্পতিবার সকালে পল্লবী থানা ঘেরাও করেন স্থানীয়রা। একইদিন রাতে কালশী এলাকায় সড়ক অবরোধ করে বিক্ষোভও অনুষ্ঠিত হয়।